

অভিভাবক নির্দেশিকা

মাদরাসাতুস সুন্নাহ

(আস-সুন্নাহ ফাউন্ডেশনের একটি শিক্ষা প্রতিষ্ঠান)

মাদরাসাতুস সুন্নাহের শিক্ষা, আমল ও তারবিয়াহ প্রক্রিয়া সফল করতে অভিভাবকের সচেতন সহযোগিতা অপরিহার্য। সন্তানের দীনি, নেতৃত্ব ও একাডেমিক উন্নতির জন্য নিম্নোক্ত নির্দেশনাগুলো প্রত্যেক অভিভাবকের প্রতি আন্তরিকভাবে প্রত্যাশিত।

দীন ও চরিত্র গঠন

- পরিবারের মধ্যে সর্বদা ইসলামিক পরিবেশ বজায় রাখব।
- হালাল উপার্জন নিশ্চিত করব এবং হারাম আয়ের সব উপায় থেকে দূরে থাকব।
- নিজে ও পরিবারের সদস্যদের পাঁচ ওয়াক্ত নামাজ, হিজাব, সুন্নাহভিত্তিক জীবনধারা অনুসরণে উৎসাহিত করব।
- সন্তানকে আদব, আমল ও আখলাকে আদর্শ মুসলমান হিসেবে গড়ে তোলার চেষ্টা করব।

MADRASATUS SUNNAH

শিক্ষা ও একাডেমিক দায়িত্ব

- সন্তানের ক্লাসওয়ার্ক, হোমওয়ার্ক ও ডায়েরি নিয়মিত পর্যালোচনা করব।
- শিক্ষকদের প্রতি সম্মান বজায় রাখব এবং কোনো বিষয়ে অভিযোগ থাকলে প্রশাসনকে গঠনমূলক পরামর্শ দেব।
- আরবি ও হিন্দি বিভাগে নির্ধারিত মান অর্জনে সন্তানের অগ্রগতি পর্যবেক্ষণ করব।
- সন্তানের ফলাফল সন্তোষজনক না হলে মাদরাসার সিদ্ধান্ত মেনে নেব।

মাদরাসাতুস সুন্নাহ

শৃঙ্খলা ও আচরণবিধি

- মাদরাসার সব নিয়ম-নীতি ও শৃঙ্খলা যথাযথভাবে মেনে চলব।
- সন্তান কোনো নিয়ম ভঙ্গ করলে প্রশাসনের সিদ্ধান্তকে সম্মানের সঙ্গে গ্রহণ করব।
- শিক্ষক কর্তৃক শরিয়াসম্মত প্রয়োজনীয় শাসনকে ইতিবাচকভাবে গ্রহণ করব।
- সন্তানের সামনে মাদরাসা বা শিক্ষাদান পদ্ধতির সমালোচনা করা থেকে বিরত থাকব, কারণ এতে সন্তানের মনে শিক্ষক ও প্রতিষ্ঠানের প্রতি শ্রদ্ধাবোধ নষ্ট হতে পারে।

উপস্থিতি ও অংশগ্রহণ

- মাদরাসার দীনি অনুষ্ঠান, অভিভাবক নাসীহা সভা ও মতবিনিময় কর্মসূচিতে অংশগ্রহণ করব।
- সন্তানের অগ্রগতির খোঁজ নিতে নিয়মিত মাদরাসার নির্ধারিত অনলাইন প্ল্যাটফর্ম বা মোবাইল অ্যাপের মাধ্যমে ক্লাস টিচারের সঙ্গে যোগাযোগ রাখব। কোনো ব্যক্তিগতভাবে যোগাযোগের প্রচেষ্টা করব না।
- মাদরাসার পক্ষ থেকে দেওয়া অভিভাবক সিলেবাস ও মূল্যায়নপত্র অনুযায়ী সন্তানের পারফরম্যান্স পর্যালোচনা করব।

দায়িত্ব ও যত্ন

- সন্তানের জন্য ঘরে শিক্ষার উপযোগী পরিবেশ তৈরি করব।
- টিভি, মোবাইল, গেমস ও কার্টুন থেকে সন্তানকে দূরে রাখব।
- প্রতিদিন পরিষ্কার-পরিচ্ছন্ন টিফিন সরবরাহ করব।
- সন্তানের কোনো নির্দিষ্ট শারীরিক বা চিকিৎসাজনিত সমস্যা থাকলে মাদরাসা কর্তৃপক্ষকে অবশ্যই অবহিত করব।

আর্থিক দায়বদ্ধতা

- মাসিক টিউশন, পরিবহন ও আবাসিক ফি যথাসময়ে পরিশোধ করব।
- আর্থিক অসুবিধা হলে পূর্বেই প্রশাসনকে জানাব।
- প্রয়োজনে প্রতিষ্ঠানের কোনো সম্পদের ক্ষতি হলে তার ক্ষতিপূরণ প্রদান করব।

দু'আ ও আত্মনিবেদন

- সন্তানের ইলম, আমল ও চরিত্রের অগ্রগতির জন্য নিয়মিত আল্লাহ তাআলার কাছে দু'আ করব।
- সন্তানের অগ্রগতি ও সাফল্যে মাদরাসার সহযোগিতা, দিকনির্দেশনা ও পরিশ্রমকে সম্মান ও শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করব এবং ইতিবাচকভাবে মূল্যায়ন করব।
- সন্তানের দীন ও দুনিয়ায় সফলতা অর্জন শুধু মাদরাসার নয়, অভিভাবকেরও এক যৌথ দায়িত্ব। এই দায়িত্ব পালনে আমি সর্বান্তকরণে সচেষ্ট থাকব এবং আল্লাহ তাআলার নিকট সর্বদা দু'আ করব।

MADRASATUS SUNNAH

অঙ্গীকারনামা

আমি ঘোষণা করছি যে, আমার সন্তান মাদরাসাতুস সুন্নাহতে ভর্তি হওয়ার যোগ্যতা অর্জন করলে/পরবর্তী শ্রেণিতে উন্নীত হলে, আমি উপরিউক্ত সকল নির্দেশনা মেনে চলতে অঙ্গীকারবদ্ধ থাকব এবং মাদরাসাতুস সুন্নাহর নীতিমালা ও সিদ্ধান্তসমূহ আন্তরিকভাবে গ্রহণ করব, ইন-শা-আল্লাহ।

অভিভাবকের নাম: _____

সন্তানের নাম: _____

ভর্তিচ্ছু শ্রেণি/উন্নীত শ্রেণি: _____

আইডি: _____

অভিভাবকের নাম: _____

স্বাক্ষর ও তারিখ: _____